

স্মারক নং- ইআবি/জনসংযোগ,ত.ও প./সংবাদ বিজ্ঞপ্তি/২০২০/০০১৯৫

তারিখ : ১৬-১০-২০২৩ খ্রিস্টাব্দ

সংবাদ বিজ্ঞপ্তি

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ফাজিল পরীক্ষার ফলাফল প্রকাশ

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত ফাজিল (স্নাতক) পাস ১ম, ২য় ও ৩য় বর্ষ (নিয়মিত, অনিয়মিত ও রিটেইক) পরীক্ষা-২০২১ এর ফলাফল প্রকাশ করা হয়েছে। আজ সকাল ১১.০০ ঘটিকায় ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অফিস কক্ষে বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক এ, কে, এম আক্তারুজ্জামান ফাজিল পরীক্ষা-২০২১ এর ফলাফল ভাইস-চ্যান্সেলর অধ্যাপক ড. মুহাম্মদ আব্দুর রশীদ-এর হাতে হস্তান্তর করেন।

ফাজিল পরীক্ষা-২০২১ রুটিন সঠিক রেখে পরীক্ষা শুরু থেকে ফলাফল প্রকাশ পর্যন্ত ভাইস-চ্যান্সেলর অধ্যাপক ড. মুহাম্মদ আব্দুর রশীদ সার্বক্ষণিক পরীক্ষা নিয়ন্ত্রক এ, কে, এম আক্তারুজ্জামানকে দিকনির্দেশনা প্রদান করেন। এর ফলে মাত্র ৪৫ দিনের মধ্যে ফাজিল পরীক্ষা-২০২১ এর ফলাফল প্রকাশ করা হয় যা অতীতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ইতিহাসে করা হয়নি।

ফাজিল পরীক্ষা ফলাফল প্রকাশ উপলক্ষে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর অধ্যাপক ড. মুহাম্মদ আব্দুর রশীদ বলেন, সীমিত জনবল ও নানা জটিলতার মধ্যে মাত্র ৪৫ দিনে তিনটি পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়েছে, যেখানে বিগত সময় ৬ মাস বা আরো বেশি সময় লাগত। আমরা আপ্রাণ চেষ্টা করছি যাতে করে আমাদের সন্তানদের জীবন থেকে মূল্যবান সময় চলে না যায়। তিনি আরো বলেন, সেশনজটের বৃত্ত থেকে বেরিয়ে আসছে মাদরাসার উচ্চশিক্ষা, ত্র্যাশ প্রোগ্রামের মাধ্যমে সেশনজট শূন্য করার পরিকল্পনা নেয়া হয়েছে। ফলাফল প্রকাশের মাধ্যমে মাদরাসা শিক্ষার্থীদের যে সেশনজট ছিলো তা দূর হয়ে সেশনজট অবমুক্তির যাত্রা শুরু হলো। এক বছরের মধ্যে ফাজিল (স্নাতক) পাস, ফাজিল (স্নাতক) অনার্স ও কামিল (স্নাতকোত্তর) শ্রেণিতে আর কোনো সেশনজট থাকবে না। পরীক্ষা নেওয়ার পর দ্রুত ফলাফল প্রকাশ করার আশাব্যক্ত করেন ভাইস-চ্যান্সেলর।


ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক এ, কে, এম আক্তারুজ্জামান বলেন, আগামী বছর জুন ২০২৪ এর মধ্যে আমাদের সব সেশনজট নিরসন হবে, ইনশাআল্লাহ। পরীক্ষা দপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারীদের অক্লান্ত পরিশ্রমের মাধ্যমে দ্রুত সময়ের মধ্যে ফলাফল প্রস্তুত করা হয়। আমরা ভাইস-চ্যান্সেলর দিক নির্দেশনায় পরীক্ষা গ্রহণ ও পরীক্ষার ফলাফল প্রকাশে সার্বক্ষণিক নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছি।

উল্লেখ্য, গত ৩০/০৭/২০২৩ খ্রি. তারিখ থেকে শুরু হয়ে ২৭/০৮/২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত দেশব্যাপী ৮টি বিভাগের ২৯৬টি পরীক্ষা কেন্দ্রে মোট ১,১০,১৯৭ জন পরীক্ষার্থী ফাজিল (স্নাতক) পাস ১ম, ২য় ও ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেন, পরীক্ষায় পাসের হার যথাক্রমে ১ম বর্ষ-৮৫.৮৩%, ২য় বর্ষ-৯১% ও ৩য় বর্ষ-৮৬.৪২%। পরীক্ষার ফলাফল বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.iau.edu.bd এ পাওয়া যাবে।

পরীক্ষার ফলাফল হস্তান্তর সময় বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আবুল কালাম আজাদ, রেজিস্ট্রার ড. মোহাম্মদ কামরুল ইসলাম, পরিচালক অর্থ ও হিসাব মোহাম্মদ মুছা, প্রকল্প পরিচালক ও যুগ্মসচিব ফররুখ আহমদ, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) অধ্যাপক ড. মোঃ রফিক আল মামুন'সহ পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুলিপি:

- আইসিটি শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- অফিস নথি।


(ড. মোহাম্মদ কামরুল ইসলাম)
রেজিস্ট্রার
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়